# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

www.nmst.gov.bd




**পটভূমি**

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর একটি অনানুষ্ঠানিক বিজ্ঞান শিক্ষা প্রতিষ্ঠান। ২৬ এপ্রিল ১৯৬৫ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ঢাকায় একটি বিজ্ঞান জাদুঘর প্রতিষ্ঠিত হয়। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আইন, ২০১০ অনুসারে প্রতিষ্ঠানটি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা। বর্তমানে ঢাকার আগারগাঁও-এ নিজস্ব কমপ্লেক্সে জাদুঘরটির কার্যক্রম চলছে।

## ভিশন


একটি বিজ্ঞানমনস্ক জাতি গঠন

## মিশন

বিজ্ঞান বিষয়ক প্রদর্শনীবস্তুর মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তিকে জনপ্রিয় করা এবং নবীন ও অপেশাদার বিজ্ঞানীদের উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ ও সহযোগিতা প্রদান

## সাংঠনিক কাঠামো

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে একজন মহাপরিচালকসহ সর্বমোট ৯৪টি অনুমোদিত পদ রয়েছে। বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব পদমর্যাদার একজন কর্মকর্তাকে মহাপরিচালক হিসেবে পদায়ন করা হয়ে থাকে।




## জনবল

অনুমোদিত পদের সংখ্যা ৯৪টি।

## জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের কার্যক্রম মুলত ৩টি ভাগে ভাগ করা যায়:

ক) গ্যালারি প্রদর্শন

খ) শিক্ষা কার্যক্রম

গ) প্রকাশনা

## জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের প্রধান কার্যাবলি:

(ক) জনসাধারণের মধ্যে বিজ্ঞান শিক্ষার প্রসার ও বিজ্ঞান সচেতনতা সৃষ্টি করা;

(খ) বিজ্ঞান ও প্রযুক্তিকে জনপ্রিয় করবার লক্ষে-

* গ্যালারিতে স্থাপিত প্রদর্শনী সামগ্রী পরিদর্শনের ব্যবস্থা করা ;

* বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক ভিডিও শো, জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালা, সেমিনার, কুইজ প্রতিযোগিতা ও বিজ্ঞান সম্পৃক্ত বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন;

* বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় প্রতিবছর সারাদেশে উপজেলা, জেলা পর্যায়ে এবং কেন্দ্রীয়ভাবে ঢাকায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন, বিজ্ঞান মেলা ও বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন করা। এবং প্রকল্প গ্রহণের মাধ্যমে নবীন ও সৌখিন বিজ্ঞানীদের উদ্ভাবিত প্রকল্পের মান উন্নয়নের জন্য কারিগরি ও আর্থিক সহায়তা প্রদানের ব্যবস্থা করে তাদের উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ ও সহযোগিতা প্রদান করা;

* জ্যোতির্বিজ্ঞানে আগ্রহ সৃষ্টির লক্ষ্যে শক্তিশালী টেলিস্কোপের মাধ্যমে আকাশের গ্রহ, নক্ষত্র দেখানো এবং বছরের বিভিন্ন সময়ে জ্যোতির্বিজ্ঞান বিষয়ক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা;

* বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন বিষয়ে তথ্য ও গবেষণা এবং প্রকাশনার ব্যবস্থা করা;

* জাদুঘর এর উন্নয়নে প্রদর্শনী বস্তুসমূহের সাহায্যে গবেষণামূলক কর্মকান্ডের ব্যবস্থা করা;

* বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রাচীন ও আধুনিক নিদর্শনাবলী সংগ্রহ, সংরক্ষণ ও এর প্রায়োগিক ব্যবস্থা করা

*মিউজু বাসের মাধ্যমে সারাদেশে জেলা ও উপজেলা পর্যায়ে ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনীর ব্যবস্থা করা;

* সারাদেশের বিজ্ঞান ক্লাবকে নিবন্ধনভুক্তি ও পৃষ্ঠপোষকতা প্রদান;

* বৎসরের বিশেষ দিনগুলিতে চন্দ্রগ্রহণ, সূর্যগ্রহণ, ধূমকেতু, উল্কাপাত ইত্যাদি টেলিস্কোপের মাধ্যমে উন্মুক্ত পর্যবেক্ষণের ব্যবস্থা করা;

* বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে বিশেষ আবিষ্কার ও অবদানের জন্য স্বীকৃতি এবং পুরষ্কার অথবা সম্মানী প্রদান করা; এবং

* উপরে বর্ণিত কার্যাদির সম্পূরক ও প্রাসঙ্গিক অন্যান্য কার্য এবং সরকার কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব সম্পাদন করা।

## জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের বিষয়ভিত্তিক গ্যালারিসমূহ:

(১) ভৌত বিজ্ঞান গ্যালারি (২) শিল্প প্রযুক্তি গ্যালারি (৩) তথ্য প্রযুক্তি গ্যালারি (৪) জীব বিজ্ঞান গ্যালারি (৫) মজার বিজ্ঞান গ্যালারি (৬) মহাকাশ বিজ্ঞান গ্যালারি (৭) শিশুদের বিজ্ঞান গ্যালারি

## ৪-ডি মুভি থিয়েটার:

বিজ্ঞান জাদুঘরের রোমাঞ্চকর ৪-ডি মুভি দেখার জন্য ৪০ আসন বিশিষ্ট একটি Theatre রয়েছে ।চোখে বিশেষ ধরনের চশমা দিয়ে দেখতে পাওয়া যাবে আকর্ষণীয় প্রদর্শনী । যাতে রয়েছে Air, water,chair movement ইত্যাদির Effect সবকিছুকে মনে হবে বাস্তব ও জীবন্ত । ৪-ডি মুভি থিয়েটার নিয়মিত প্রদর্শন করা হচ্ছে।

## ২০১৬-২০১৭ অর্থ বছরে সংগৃহীত উল্লেখযোগ্য প্রদর্শনীবস্তুসমূহ:

নিম্নবর্ণিত নতুন ও আকর্ষণীয় প্রদর্শনীবস্তুসমূহ স্থাপন করা হয়েছে:


### তরঙ্গ দোলক:

এটি একটি দোলকের প্রদর্শনীবস্তু। বিভিন্ন দৈঘ্যের ১৭ টি দোলক একটি সরল রেখায় ঝুলন্ত আছে। কোন সরল লাঠি দ্বারা সাম্যাবস্থা থেকে সমভাবে একই পরিমাণ সরণ ঘটিয়ে দোলন প্রদান করলে দোলন দৈঘ্যের ভিন্নতার কারণে দুলতে থাকে যা গালিলিওর দোলন সমীকরণ দ্বারা নির্মিত হয় $T = 2\pi\sqrt{\frac{l}{g}}$ . দোলকের অবস্থানসমূহ একটি সর্পিলাকৃতির তরঙ্গ তৈরি করে যা দৃষ্টি নন্দন হয়ে থাকে।



### মজার দর্পণ (ক্যামেরা):

এটি একটি বিনোদনের ক্যামেরা সৃদশ প্রদর্শনীবস্তু। ক্যামেরা মধ্যে দাড়ানো কোন ব্যক্তিকে পর্যবেক্ষক এর মধ্যে দিয়ে তাকিয়ে দেখতে পায় না। কিন্তু ঐ ব্যক্তির পশ্চাৎদেশ দৃশ্যমান । আলোকের পথকে পেরিস্কোপের নিয়মে পরিচালিত করে এটা করা হয় ।



### মাকড়সা মস্তক (মজার দর্পণ):

এটি একটি মজার প্রদর্শনীবস্তু। কোন দর্শক তার মস্তক মাকড়সার মস্তকের অভ্যন্তরে রেখে সমতল দর্পণে প্রতিফলনের মাধ্যমে মাকড়সার মস্তক দর্শন করবেন ।





### তরঙ্গের গতীয় অণুকরণ:

এটি একটি গাণিতিক প্রদর্শনীবস্তু যাতে বৃত্তাকার গতি কিভাবে তরঙ্গ গতিতে রুপান্তর ঘটায় তা প্রদর্শন করে । এখানে তরঙ্গের বিস্তার বৃত্তাকার পথের ব্যাসার্ধের সমান হয়ে থাকে। প্রতিটি কণার তরঙ্গ গতির সমীকরণ $x = a\ sin\omega t$ বা সাইন বক্ররেখায় নির্দেশিত । প্রতিটি কণার দশা পরিবর্তনের মাধ্যমে পুরা সাইন বক্ররেখাকে এক সাথে প্রদর্শিত হয়ে থাকে ।



### তরঙ্গ চৌবাচ্চা:

এটি শুধুমাত্র একটি তরঙ্গ চৌবাচ্চা যা মূলত: একাডেমিক কার্যক্রমে বহুল ব্যবহৃত হয়ে থাকে। যেখানে জলতরঙ্গ উৎপাদন করে তরঙ্গে ধর্মাবলী পর্যবেক্ষণ করা হয়। এখানে অপবর্তন ও ব্যতিচার ধর্মাবলী অধ্যয়ন করা যায়।

***অপবর্তন*** হলো তরঙ্গ প্রবাহের দিক বেঁকে যাওয়া যখন তা কোন ছিদ্রের মধ্য দিয়ে পরিচালিত হয় এবং ঐ ছিদ্রের পরিমাণ যদি তরঙ্গ দৈর্ঘ্যের সমমাত্রার হয়ে থাকে।

***ব্যতিচার*** হলো কোন সময়ে একাধিক তরঙ্গ প্রবাহের লব্ধি। প্রতিটি তরঙ্গের সরণ ভেক্টর হিসেবে বিবেচিত। ফলে, সকল ভেক্টরের যোজিত ফল উপরিপাতন নামে অভিহিত।



## সুর্য, পৃথিবী ও চাঁদ ঘূর্ণায়মান মডেল:

এটি একটি তড়িৎ-যান্ত্রিক প্রদর্শনীবস্তু। যাতে পৃথিবী সূর্যের চারিদিকে এবং একই সঙ্গে চাঁদ পৃথিবীর চারিদিকে কিভাবে আবর্তনশীল তা প্রদর্শন করা হয়।



## সৌরজগতের মডেল:

এটি সৌর জগতের মডেল হিসেবে প্রদর্শিত প্রদর্শনীবস্তু। সূর্য থেকে ক্রমানুযায়ী এবং আপাতত আনুপাতিক আকার অনুযায়ী সজ্জিত করা হয়েছে।



## গ্যালারি পরিদর্শন:

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে রয়েছে ৭টি বিষয়ভিত্তিক গ্যালারি। গ্যালারিগুলো বিজ্ঞান বিষয়ক বিভিন্ন প্রদর্শনীবস্তু দ্বারা সাজানো হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে ১,০৬,৭০০ (এক লক্ষ ছয় হাজার সাতশত) জন দর্শক গ্যালারি পরিদর্শন করেন।







চিত্র: বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে আগত শিক্ষার্থীবৃন্দ গ্যালারিতে রক্ষিত প্রদর্শনীবস্তুসমূহ পরিদর্শন করছে

## মহাকাশ কার্যক্রম:

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর টেলিস্কোপের সাহায্যে আকাশ মেঘমুক্ত থাকা সাপেক্ষে প্রতি শুক্র ও শনিবার সন্ধ্যায় আকাশ পর্যবেক্ষণের ব্যবস্থা করে থাকে। গত অর্থ বছরে ২,১৯০ (দুই হাজার একশত নব্বই) জন দর্শক জাদুঘরে স্থাপিত টেলিস্কোপের সাহায্যে আকাশ পর্যবেক্ষণ করেছে । এ ছাড়াও মিউজু বাসে স্থাপিত টেলিস্কোপের মাধ্যমে দেশের বিভিন্ন জেলা/উপজেলায় আগত দর্শকদের আকাশের গ্রহ-নক্ষত্র দেখানো হয়েছে।






চিত্র: শক্তিশালী টেলিস্কোপের সাহায্যে আকাশ পর্যবেক্ষণ

## ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনী (মিউজু বাস):

মিউজু বাসের মাধ্যমে ২০১৬-১৭ অর্থ বছরে দেশের বিভিন্ন জেলা/উপজেলায় ১০৫ (একশত পাঁচ)টি ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়েছে । প্রায় ১,২৫,০০০ (এক লক্ষ পঁচিশ হাজার) জন দর্শক মিউজু বাসটি পরিদর্শন করেছে (ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনী তালিকা সংযুক্ত) ।






চিত্র: বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ কর্তৃক ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনী (মিউজুবাস) পরিদর্শন

## চিত্রাঙ্কন প্রতিযোগিতা:

জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস পালন উপলক্ষে ১৮ মার্চ ২০১৭ তারিখ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে শিশুদের মধ্যে বিজ্ঞান বিষয়ক চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিপুল সংখ্যক শিশু-কিশোর ও তাদের অভিভাবকসহ প্রায় ছয় শতাধিক দর্শকের উপস্থিতিতে অত্যন্ত উৎসাহ-উদ্দীপনার সাথে এ চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয় এবং অংশগ্রহণকারী সবাইকে সনদ প্রদান করা হয়। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চিত্রাঙ্কন প্রতিযোগিতার উদ্বোধন করেন।





চিত্র: মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক জাতীয় শিশু দিবসে আয়োজিত শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা পরিদর্শন ও বিজয়ীদের মধ্যে পুরষ্কার বিতরণ

## ২২৪ টি উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব গঠন:

জেলা প্রশাসন সম্মেলন ২০১৪ এর সিদ্ধান্ত অনুযায়ী দেশের প্রতিটি উপজেলায় একটি করে উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব গঠন করতে হবে। সেমতে ২০১৬-১৭ অর্থ বছরে উপজেলা নির্বাহী অফিসারদের তত্ত্বাবধানে ২২৪(দুইশত চব্বিশ)টি উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব গঠিত হয়েছে।

## ২০১৬-১৭ অর্থ বছরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের প্রকাশনার তালিকা:

১। ত্রৈমাসিক প্রকাশনা "নবীন বিজ্ঞানী" প্রকাশকাল সেপ্টেম্বর-২০১৬

২। ত্রৈমাসিক প্রকাশনা "নবীন বিজ্ঞানী" প্রকাশকাল ডিসেম্বর-২০১৬

৩। জাদুঘর প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তিতে ত্রৈমাসিক প্রকাশনা "নবীন বিজ্ঞানী" সাময়িকীর বিশেষ সংখ্যা, প্রকাশকাল ২৬ এপ্রিল, ২০১৭

৪। জাদুঘর প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তি উপলক্ষে "স্মরনিকা" প্রকাশকাল ২৬ এপ্রিল ২০১৭






৫ । জাদুঘর প্রতিষ্ঠার ৫০ বছর পূর্তিতে বিশেষ প্রতিবেদন ২০১৬-২০১৭ (NMST Activity, প্রকাশকাল ২৬ এপ্রিল, ২০১৭;

৬ । বাংলাদেশ বোটানি অলিম্পিয়াড এর উপর প্রকাশিত প্রতিবেদন ২০১৭, প্রকাশকাল ২৬ ফেব্রুয়ারী ২০১৭;

৭ । ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গীতে অবস্থিত শতবর্ষী আমগাছটি সংরক্ষণের লক্ষ্যে জনসচেতনতামূলক কর্মকান্ডের, প্রতিবেদন প্রকাশকাল ২৬-২৮মে, ২০১৬;



চিত্র: জাদুঘর কর্তৃক প্রকাশিত বিভিন্ন প্রকাশনার মোড়ক উন্মোচন করেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান, সচিব জনাব মো: আনোয়ার হোসেন ও জাদুঘরের মহাপরিচালক জনাব স্বপন কুমার রায়সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিগণ

৮ । 8th International plant tissue culture & biotechnology conference souvenir,date of publication : December 03-05, 2016;

৯ । 8th International plant tissue culture & biotechnology conference, theme Biotechnology for innovative Agriculture and food security, date of publication : 03-05, 2016;

১০। Annual Botanical conference Report 2016, date of publication : 4,February 2017; এবং

১১। জেলা ও উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন সংক্রান্ত নিয়মাবলী।

## ৩৮ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপিত:

গত ১৫-১৭ জুন, ২০১৭ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে ৩৮ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদযাপন করা হয় । বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান এ সপ্তাহের শুভ উদ্বোধন ঘোষণা করেন ।





চিত্র: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী মহোদয় কর্তৃক ৩৮তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ ও বিজ্ঞান মেলা উদ্বোধন শেষে মেলা পরিদর্শন

২০১৬-১৭ অর্থ বছরে দেশের ৪৮৯টি উপজেলায় প্রথমবারেরমত এবং ৬৪টি জেলায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ পালন এবং এ উপলক্ষে বিজ্ঞান ও প্রযুক্তি মেলা অনুষ্ঠিত হয়। এতে সারাদেশের শিক্ষার্থী ও স্বশিক্ষিত উদ্ভাবকবৃন্দ ব্যাপকভাবে অংশগ্রহণ করে এবং দেশে বিজ্ঞানচর্চায় বিপুল উৎসাহ-উদ্দীপনা সৃষ্টি হয়। আয়োজনের চূড়ান্ত পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে জেলা পর্যায়ে উদযাপিত ৩৮তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলায় জুনিয়র, সিনিয়র ও বিশেষ গ্রুপে ১ম স্থান অধিকারীদের নিয়ে বিজ্ঞান মেলার আয়োজন করা হয় । এতে ৬৪ টি জেলা থেকে প্রতিযোগিরা তাদের উদ্ভাবিত বিভিন্ন প্রকল্প নিয়ে অংশ গ্রহণ করে । উপজেলা পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে জুনিয়র, সিনিয়র ও বিশেষ গ্রুপে প্রথম দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীগণ জেলা পর্যায়ে অনুষ্ঠিত জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে অংশগ্রহণ করে । স্কুল, কলেজের শিক্ষার্থীরা, বিজ্ঞান ক্লাবকর্মী ও তরুণ উদ্ভাবকগণ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে অংশ গ্রহণ করে থাকে। কেন্দ্রীয় পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে জুনিয়র, সিনিয়র ও বিশেষ গ্রুপের জন্য প্রথম থেকে পঞ্চম স্থান অধিকারীকে মেধা পুরস্কার এবং ৫ম থেকে দশম স্থান অধিকারীকে বিশেষ পুরস্কার দেওয়া হয়েছে। পুরস্কার হিসেবে বই, ক্রেস্ট ও প্রাইজমানি প্রদান করা হয়েছে। প্রতিটি গ্রুপের বিজয়ী প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীকে বিদেশ ভ্রমণে পাঠানো হবে।

## প্রথম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন:



চিত্র: অলিম্পিয়াডে অংশগ্রহণকারী প্রতিযোগী শিক্ষার্থীবৃন্দ



চিত্র: বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ

৩৮ তম জাতীয় বিজ্ঞান প্রযুক্তি সপ্তাহ উদযাপনের অংশ হিসেবে গত ২০১৬-১৭ অর্থ বছরে উপজেলা পর্যায়ে প্রথম জাতীয় বিজ্ঞান অলিম্পিয়াড অনুষ্ঠিত হয় । মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা জুনিয়র গ্রুপে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা সিনিয়র গ্রুপ হিসেবে এ অলিম্পিয়াডে অংশ গ্রহণ করে। জেলা পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডে প্রতি গ্রুপ থেকে প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারীগণ গত ১৬ জুন ২০১৭ তারিখে ঢাকায় অনুষ্ঠিত কেন্দ্রীয় পর্যায়ের বিজ্ঞান অলিম্পিয়াডে অংশগ্রহণ করেন। বিজ্ঞান অলিম্পিয়াডে ১ম থেকে ৫ম স্থান অধিকারীগণকে সার্টিফিকেট, ক্রেস্ট ও প্রাইজমানি প্রদান করা হয় । বিজয়ীদেরকে বিদেশ ভ্রমণে পাঠানো হবে ।

## বিজ্ঞান বিষয়ক বিভিন্ন সেমিনার/কর্মশালা আয়োজন:



চিত্র: 8th International plant tissue culture & biotechnology conference-এ বক্তব্য রাখছেন মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান



চিত্র: জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালায় বক্তব্য রাকছেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক জনাব স্বপন কুমার রায়

বিজ্ঞানমনস্কতা সৃজনের লক্ষে ২০১৬-১৭ অর্থ বছরে দেশের বিভিন্ন স্থানে জ্যোতির্বিদ রাধাগোবিন্দ্র স্মরণ উৎসব, ২০১৬,আর্ট এন্ড সায়েন্স শীর্ষক কর্মশালা, বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর প্রতিষ্ঠার উদ্যোগ ও আমাদের প্রত্যাশা শীর্ষক সেমিনার, বোটানিক্যাল কনফারেন্স, মেধা বিকাশে গণিত শিক্ষার উপর জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালা, শিশু স্বাস্থ্য, মেধাবিকাশে গণিত শিক্ষার প্রয়োজনীয়তা, জীনতত্ত্ব,বিজ্ঞানের ইতিহাস, বিশ্ব রহস্যের অন্তরালে, সায়েন্টিফিক সেমিনার অন RH নেগেটিভ ব্লাড গ্রুপ শীর্ষক বিজ্ঞান বিষয়ক সেমিনার /কর্মশালা আয়োজন করা হয়। এতে শিক্ষাবিদ, বিজ্ঞানের শিক্ষার্থী, তরুণ উদ্ভাবক, বিজ্ঞানসেবী ব্যক্তিবর্গসহ সমাজের বিভিন্ন স্তরের লোকজন অংশগ্রহণ করে।

গত ৩১মে, ২০১৭ তারিখ ‘বিজ্ঞানমনস্কতা সৃজনে বিজ্ঞান ক্লাবকর্মী ও তরুণ উদ্ভাবকদের অবদান’ শীর্ষক এক সেমিনার জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। সেমিনারে মূল প্রবন্ধ পাঠ করেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সিনিয়র কিউরেটর জনাব মোঃ বদিয়ার রহমান । জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক জনাব স্বপন কুমার রায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে তরুণ উদ্ভাবক, বিজ্ঞান ক্লাবকর্মী, বিজ্ঞানমনস্ক বিভিন্ন শ্রেণি পেশার মানুষ ও সাংবাদিকগণ তাদের মতামত তুলে ধরেন । দিনব্যাপী এ সেমিনারে উপস্থিত দর্শনার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেয়া হয় । জাদুঘরের ভবিষ্যত কর্মপন্থা নির্মাণে এ সেমিনার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।



চিত্র: ৫০ বছর পূর্তি উপলক্ষে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের প্রথম ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব মো: এনামুল হক-কে সম্মাননা ক্রেস্ট তুলে দিচ্ছেন মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান



চিত্র: ৫০ বছর পূর্তিতে আয়োজিত জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালায় বক্তব্য রাখছেন জাদুঘরের কিউরেটর (একাডেমিক) জনাব সুকল্যাণ বাছাড়

এছাড়াও ৬৪টি জেলায় জেলা প্রশাসকগণের সহায়তায় “জাতীয় উন্নয়নে বিজ্ঞান ও প্রযুক্তি: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ভূমিকা ও আমাদের প্রত্যাশা” শীর্ষক সেমিনার-এর আয়োজন করা হয়। এ সকল সেমিনারে বিজ্ঞান বিষয়ক শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তাবৃন্দ, স্বশিক্ষিত উদ্ভাবকসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন (এ বিষয়ের একটি তালিকা সংযুক্ত করা হল) ।



চিত্র: ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী উপজেলায় শতবর্ষী ফলদ বৃক্ষ (আম গাছ) পরিচর্যা বিষয়ক উম্মুক্ত সেমিনারে বক্তব্য রাখছেন জাদুঘরের মহাপরিচালক জনাব স্বপন কুমার রায়, সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ড. আ.আ.ম.স. আরেফিন সিদ্দিক



চিত্র: জাদুঘরের ৫০ বছর পূর্তিতে জেলা পর্যায়ে আয়োজিত সেমিনার ও কুইজ প্রতিযোগিতার অংশ হিসেবে গোপালগঞ্জ জেলায় অনুষ্ঠিত সেমিনারে কী-নোট পেপার উপস্থাপন করছেন জাদুঘরের কিউরেটর কাজী হাসিবুদ্দীন আহমেদ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে সাবেক সচিব জনাব মো: সিরাজুল হক খান

## ডিজিটাইজেশনের অগ্রগতি :

- জাদুঘরের তথ্য প্রযুক্তি গ্যালারিতে বাংলাদেশের প্রথম কম্পিউটার আইবিএম-১৬২০ থেকে শুরু করে পর্যায়ক্রমে কম্পিউটারের বিবর্তনগুলো দেখানো হয়ে থাকে;
- এছাড়া তথ্য প্রযুক্তি গ্যালারিতে smart floor নামক একটি আকর্ষনীয় প্রদর্শনীবস্তুর মাধ্যমে শিশুদেরকে আনন্দ প্রদান করা হয়ে থাকে;
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর ক্যাম্পাস ও ভ্রাম্যমান বিজ্ঞানী প্রদর্শনী (মিউজু বাস ) উন্মুক্ত ওয়াই ফাই সংযুক্ত করা হয়েছে। এতে শিক্ষার্থী ও সাধারণ দর্শনার্থীগণ ফ্রি ইন্টারনেট ব্রাউজিংয়ের সুযোগ পাচ্ছে;
- মহাকাশ বিজ্ঞান গ্যালারিতে তথ্য প্রযুক্তিভিত্তিক একটি লেজার শো চালু রয়েছে;
- মহাকাশের বিভিন্ন গ্রহ, উপগ্রহ ও নভোযানের মজার ভিডিও তথ্য প্রযুক্তির মাধ্যমে প্রদর্শন করা হয়ে থাকে;
- মহাকাশ বিজ্ঞান গ্যালারিতে রিফ্লেকটিং টেলিস্কোপ ডিজিটাল সিস্টেমে নিয়ন্ত্রণ করা হয়ে থাকে ;
- মহাকাশ বিজ্ঞান গ্যালারিতে Guessing the gasses নামক একটি ডিজিটালাইজড প্রদর্শনীবস্তু রয়েছে;
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর ইতোমধ্যে ই-ফাইলিং ও ই-জিপি প্রক্রিয়া শুরু করেছে;
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর বিভিন্ন ধরনের আবেদনের জন্য অনলাইনে রেজিস্ট্রেশন প্রদান করে থাকে;
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে ৪-ডি মুভি থিয়েটার নামক ডিজিটালাইজড প্রদর্শনীর মাধ্যমে একটি স্থায়ী ও অপর একটি ভ্রাম্যমান বিনোদনের ব্যবস্থা করা হয়ে থাকে; এবং
- সকল বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক কর্মকান্ড একছাতার নীচে আনার লক্ষে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপনের কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

## সরকার থেকে প্রাপ্ত বাজেট বরাদ্দ ও খরচ

| অর্থবছর | বাজেট বরাদ্দ | খরচ | উদ্বৃত্ত |
|---|---|---|---|
| ২০১০-১১ | ১,৯৬,০০,০০০ | ১,৭৭,৪২,৬৬০ | ১৮,৫৭,৩৪০ |
| ২০১১-১২ | ২,৪৫,০০০,০০ | ২,২২,২৭,৫৮৮ | ২২,৭২,৪১৮ |
| ২০১২-১৩ | ২,২০,০০,০০০ | ২,০০,৪৭,২১৩ | ১৯,৫২,৭৮৭ |
| ২০১৩-১৪ | ২,৪৩,০০,০০০ | ২,২৫,১৮,০০৫ | ১৭,৮১,৯৯৫ |
| ২০১৪-১৫ | ৩,২৪,৫৬,০০০ | ৩,০৪,০১,০৯৮ | ২০,৫৪,৯০২ |
| ২০১৫-১৬ | ৫,০৪,১৯,০০০ | ৪,৬৭,৫৮,৫০০ | ৩৬,৬০,৫০০ |
| ২০১৬-১৭ | ৭,২১,৮৪,০০০ | ৬,৯৮,৭৫,৬২২ | ২৩,০৮,৩৭৮ |

## ইনহাউজ প্রশিক্ষণ:

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর ২০১৬-১৭ অর্থ বছরে সকল গ্রেডের কর্মচারীদের জন্য বিভিন্ন বিষয়ে ৮৩ জন ঘন্টা ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করেছে।

## বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ট্রাস্ট:

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর ২০১৬-১৭ অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ট্রাস্টের আওতায় দেশের ৬৪টি জেলার ১৬৪ (একশত চৌষট্টি)টি অনগ্রসর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের স্কুল-কলেজের বিজ্ঞানাগারের যন্ত্রপাতি ক্রয়ের জন্য ১,৬৪,০০,০০০ (এক কোটি চৌষট্টি লক্ষ) টাকা অনুদান প্রদান করেছে। এছাড়া ৮টি বিভাগে ৮টি বিজ্ঞান ও প্রযুক্তি মেলার আয়োজন করা হয়েছে।

## জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ৫০ বছর পূর্তিতে সুবর্ণজয়ন্তী পালনের অংশ হিসেবে নতুনভাবে সংযোজিত কার্যক্রম:

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ৫০ বছর পূর্তিতে সবর্ণজয়ন্তী পালনের জন্য দেশব্যাপী বিভিন্ন কর্মসূচি পালন করা হয়। গত ১৫ নভেম্বর ২০১৬ তারিখে বিভাগীয় শহর চট্টগ্রামে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে র‍্যালি, সেমিনার ও বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের তৎকালীন সম্মানিত সচিব জনাব মো: সিরাজুল হক খান বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানকে আকর্ষণীয় ও প্রাণবন্ত করেন।



চিত্র: ৫০ বছর পূর্তি উপলক্ষে সুবর্ণ জয়ন্তীর উদ্বোধনী র‍্যালি



চিত্র: ৫০ বছর পূর্তি উপলক্ষে সুবর্ণ জয়ন্তীর উদ্বোধনী অনুষ্ঠানের বক্তব্য রাখছেন মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আ.জ.ম. নাছির উদ্দিন ও প্রাক্তন মেয়র জনাব মো: মহিউদ্দিন আহমেদ। এছাড়া জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক জনাব স্বপন কুমার রায়, চট্টগ্রাম জেলার জেলা প্রশাসক জনাব মো: শামসুল আরেফিন, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর পরিচালনা বোর্ডের সদস্যবৃন্দ, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের কর্মকর্তাবৃন্দ, চট্টগ্রাম শহরের বিভিন্ন স্কুল কলেজের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ, সাংবাদিকবৃন্দ, বিজ্ঞানসেবী সংগঠনের কর্মকর্তাবৃন্দসহ ৫০০ জন উপস্থিত ছিলেন ।

## কুইজ প্রতিযোগিতার আয়োজন:

এছাড়া সুবর্ণজয়ন্তী পালনের লক্ষ্যে দেশের ৬৪ টি জেলায় বিজ্ঞান বিষয়ক সেমিনার ও কুইজ প্রতিযোগিতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা অংশ গ্রহণ করে। জেলা পর্যায়ে অনুষ্ঠিত কুইজ প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থান অধিকারীগণকে সুবর্নজয়ন্তীর লোগো সম্বলিত টি-শার্ট, কলম, ক্রেস্ট এবং প্রাইজমানি হিসেবে প্রাইজবন্ড প্রদান করা হয় ।

জেলা পর্যায়ের কুইজ প্রতিযোগিতায় ১ম ও ২য় স্থান অধিকারীগণ কেন্দ্রীয় পর্যায়ের কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পান। বিগত ২২-২৫ এপ্রিল, ২০১৭ তারিখ ৫(পাঁচ) দিনব্যাপী জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে সুবর্ণজয়ন্তীর কেন্দ্রীয় পর্যায়ের অনুষ্ঠানাদি উদযাপন করা হয়।



চিত্র: জেলা পর্যায়ে অনুষ্ঠিত কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সাবেক সচিব জনাব মো: সিরাজুল হক খান ও জাদুঘরের মহাপরিচালক জনাব স্বপন কুমার রায়

২৫ এপ্রিল ২০১৭ তারিখ সকাল ১০.০০ টায় সারাদেশের ৬৪টি জেলায় অনুষ্ঠিত বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতায় প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারীদের নিয়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে কুইজ প্রতিযোগিতার চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে মোট ১১৬ জন প্রতিযোগী অংশগ্রহণ করে। কুইজ প্রতিযোগিতায় ১ম-৫ম স্থান অধিকারীগণকে প্রাইজমানি, ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়। কুইজ প্রতিযোগিতায় বিজয়ী ১ম-৫ম স্থান অধিকারীগণ গত ১৯-২৩ জুন, ২০১৭ তারিখ পর্যন্ত কলকাতা ও নয়াদিল্লীস্থ বিজ্ঞান জাদুঘরসমূহ পরিদর্শন করেন।

## উদ্ভাবনী প্রদর্শনী:

২২-২৩ এপ্রিল, ২০১৭ তারিখে দুই দিনব্যাপী তরুণ উদ্ভাবকদের নিয়ে একটি উদ্ভাবনী প্রদর্শনীর আয়োজন করা হয়। এতে সারাদেশের ৩৭ জন উদ্ভাবক তাদের উদ্ভাবিত প্রকল্প নিয়ে প্রদর্শনীতে অংশগ্রহণ করেন। ঢাকা শহরের বিভিন্ন স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীবৃন্দ, শিক্ষকবৃন্দ, সাংবাদিকগণ, বিজ্ঞানসেবী সংগঠনের কর্মীবৃন্দ এবং সাধারণ দর্শনার্থীরা প্রকল্পগুলো পরিদর্শন করেন।
২৩ এপ্রিল, ২০১৭ তারিখ সন্ধ্যা ৬.০০ টায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের অডিটরিয়ামে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক ড. মোঃ মনোয়ারুল ইসলামের সভাপতিত্বে উদ্ভাবনী প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতি ছিলেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক জনাব স্বপন কুমার রায়।
অংশগ্রহণকারী উদ্ভাবকদের মধ্যে ১ম থেকে ৫ম স্থান অধিকারীগণকে পুরস্কৃত করা হয়। সবাইকে ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়।

## বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালা:

২২ এপ্রিল, ২০১৭ তারিখ  বিকাল ৩.০০ টায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের অডিটরিয়ামে 'শিশু স্বাস্থ্য' বিষয়ে জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালার আয়োজন করা হয়।






চিত্র: জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালায় বক্তব্য রাখছেন ড. মুহম্মদ জাফর ইকবাল  ও ড:  মোঃ আব্দুস ছাত্তার

এতে বক্তা ছিলেন বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ। অনুষ্ঠানে শিশু ও শিশুদের অভিভাবক, সাংবাদিকসহ বিপুল সংখ্যক শ্রোতা উপস্থিত ছিলেন। ঐ দিন বিকাল ৫.০০ টায় 'মেধা বিকাশে বিজ্ঞান শিক্ষার প্রয়োজনীয়তা' বিষয়ে আরেকটি জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালার আয়োজন করা হয়। এতে বক্তা ছিলেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও ডীন ড. মোঃ কায়কোবাদ। এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ বিজ্ঞান একাডেমীর ফেলো জনাব মোঃ আমির হোসেন।

২৩ এপ্রিল, ২০১৭ তারিখ বিকাল ৩.০০ টায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের অডিটরিয়ামে 'জীনতত্ত্ব' এবং 'বিজ্ঞানের ইতিহাস' বিষয়ে জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ও চেয়ারম্যান ড. মোঃ আব্দুস ছাত্তার। 'জীনতত্ত্ব' বিষয়ে বক্তা ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক (অব:) ড. মোঃ মোস্তাফা কামাল পাশা। 'বিজ্ঞানের ইতিহাস' বিষয়ে বক্তা ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মুহাম্মদ জাফর ইকবাল। দুটো বক্তৃতামালার অনুষ্ঠান ছিল প্রাণবন্ত ও উপভোগ্য। ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তাসহ প্রায় ৪ শতাধিক লোক অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।




চিত্র: উদ্ভাবনী প্রদর্শনীর সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জাদুঘরের সিনিয়র কিউরেটর জনাব মো: বদিয়ার রহমান

২৪ এপ্রিল, ২০১৭ তারিখ বিকাল ৫.০০ টায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান ড. নঈম চৌধুরীর সভাপতিত্বে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর প্রাক্তণ ও বর্তমান কর্মকর্তা ও কর্মচারীগণ, জাদুঘরের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ এবং জাদুঘরের স্টেইক হোল্ডারদের নিয়ে একটি স্মৃতিচারণ অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের প্রাক্তন পরিচালক ড. মোঃ মোবারক আলী আখন্দ।




চিত্র: ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান

২৫ এপ্রিল, ২০১৭ তারিখ সকাল ১১.০০ টায় 'পাটের জীনতত্ত্ব' বিষয়ের উপর জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণ রসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. জেবা ইসলাম সিরাজ। ঐদিন দুপুর ১২.০০ টায় 'বিশ্ব রহস্যের অন্তরালে' বিষয়ের উপর জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতা অনুষ্ঠিত হয়। এতে বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের কিউরেটর (একাডেমিক) জনাব সুকল্যাণ বাছাড়। দুটো অনুষ্ঠানে দেশের ৬৪টি জেলা থেকে আগত কুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীবৃন্দ, কর্মকর্তাবৃন্দ, বিজ্ঞানসেবী সংগঠনের কর্মীসহ প্রায় চার শতাধিক লোক উপস্থিত ছিলেন।

২২-২৫ এপ্রিল, ২০১৭ প্রতিদিন সন্ধ্যায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে বাংলাদেশ শিল্পকলা একাডেমীর শিল্পীরা গান, নাচ, লোকনাট্য ও কৌতুক পরিবেশন করেন।





চিত্র: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ৫০ বছর পূর্তিতে আয়োজিত ৫ দিন ব্যাপী সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠানে প্রতিদিন সন্ধ্যায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।

২৬ এপ্রিল, ২০১৭ তারিখ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে সুবর্ণজয়ন্তীর সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান। তিনি কুইজ প্রতিযোগিতায় ১ম-৫ম স্থান অধিকারীদের পুরস্কার ও সার্টিফিকেট প্রদান করেন।



চিত্র: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ৫০ বছর পূর্তিতে সুবর্ণ জয়ন্তীর সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব জনাব মো: আনোয়ার হোসেন

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান ড. নঈম চৌধুরী, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের প্রতিষ্ঠাতা ভারপ্রাপ্ত কর্মকর্তা ড. এনামূল হক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের প্রাক্তন পরিচালক ড.
মোঃ মোবারক আলী আকন্দ। অনুষ্ঠানে থিম সং ও বিজ্ঞান বিষয়ক নাটিকা পরিবেশন করা হয়।



চিত্র: জাদুঘরের ৫০ বছর পূতির্তে কেক কাটছেন মানীয় মন্ত্রীয় স্থপতি ইয়াফেস ওসমানসহ অন্যান্য অতিথিবৃন্দ

## <u>২০২১ সালে মধ্যম আয়ের দেশে পরিণত হওয়ার সুবর্ণ জয়ন্তী পালন উপলক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা</u>

০১। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স নির্মাণ

০২। বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপন

০৩। ৪টি বিভাগীয় সদরে সায়েন্স সেন্টার নির্মাণ

০৪। সায়েন্স সিটি নির্মাণ প্রকল্প গ্রহণ ও  প্রকল্পের ১ম ধাপের কার্যসমাপ্তি

০৫। কেন্দ্রীয় পর্যায়ের জন্য ৬টি মিউজুবাস ও ৬ টি মুভিবাস এবং ৬ টি পরিবহন বাস সংগ্রহ

০৬। উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাবসহ সকল বিজ্ঞান ক্লাব শক্তিশালীকরণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন

০৭। আন্তর্জাতিক জাদুঘর বা বিজ্ঞান কেন্দ্রের সংগঠনে যুক্ত হওয়া

০৮। প্রতিভাবান তরুণ বিজ্ঞানী ও উদ্ভাবকদের জন্য জাতীয় উদ্ভাবন পুরষ্কার প্রবর্তন

০৯। সকল ইউনিয়ন পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব গঠনের মাধ্যমে বিজ্ঞান আন্দোলনকে গ্রাম পর্যায়ে পৌছে দেয়া

১০। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের আয়োজন ইউনিয়ন পর্যায়ে বিস্তৃত করা

১১। শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব গঠন

১২। বিজ্ঞান শিক্ষা সম্প্রসারণমূলক বহি: পাঠ্যক্রম যেমন, শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষার্থী পর্যায়ে সেমিনার, ওয়ার্কশপ, সিম্পোজিয়াম, বিজ্ঞান নাটক ইত্যাদি বিষয়াবলীর ব্যাপক ভিত্তিক আয়োজন এবং মাঠ পর্যায়ে তা সম্প্রসারণ

১৩।জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থায়ী প্রদর্শনীর  দর্শনার্থীর সংখ্যা ২ লক্ষে উন্নীতকরণ

১৪। জেলা পর্যায়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার কলেবর বৃদ্ধি এবং উপজেলা পর্যায়েও এ আয়োজন সম্প্রসারণ

১৫। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজনের কলেবর বৃদ্ধি এবং বিষয় ভিত্তিক বিজ্ঞান অলিম্পিয়াড আয়োজন বা অন্য প্রতিষ্ঠানকে সহযোগিতা প্রদান

১৬। নির্ধারিত সময় পর পর প্রদর্শনীবস্তুর পরিবর্তন ও নতুন সংযোজন

## ২০৩০ সালে SDG অর্জনের লক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা

০১। প্রস্তাবিত কুমিল্লা ও ফরিদপুর বিভাগসহ ৫টি বিভাগীয়  সদরে সায়েন্স সেন্টার নির্মাণ

০২। সকল বৃহত্তর জেলা সদরে  ও ঢাকার পূর্বাচল নতুন শহরে সায়েন্স সেন্টার নির্মাণ

০৩। আন্তর্জাতিক বিজ্ঞান অলিম্পিয়াড বা বিজ্ঞানের বিষয় ভিত্তিক অলিম্পিয়াড আয়োজন

০৪। প্রতিটি বিভাগীয় বিজ্ঞান ও প্রযুক্তি কেন্দ্রের জন্য ২টি মিউজুবাস ও ২টি মুভিবাস সংযোজন

০৫। বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রদর্শনীবস্তু সংযুক্ত করে ৫টি লঞ্চ/স্টীমার সংগ্রহ করা হবে।

০৬।বছরে কমপক্ষে ২টি আন্তর্জাতিক বিজ্ঞান বিষয়ক কর্মশালা/সেমিনার/ সিম্পোজিয়াম আয়োজন।

০৭। প্রদর্শনীবস্তু প্রস্তুতিতে  দক্ষতা বৃদ্ধি এবং ৫০% প্রদর্শনীবস্তু নিজ ওয়ার্কশপে প্রস্তুতকরণ

০৮।  মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের বিজ্ঞান শিক্ষদের পাঠদান পদ্ধতি ও ব্যবহারিক শিক্ষা উন্নতকরণের নিমিত্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিজ্ঞান শিক্ষক প্রশিক্ষণ  কর্যক্রম চালু।

০৯। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরকে একটি গবেষণা হাবে উন্নীতকরণ

১০। প্রদর্শনীবস্তু ও ব্যবহারিক শিক্ষার বিকল্প উপকরণ প্রস্তুতির জন্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান প্রতিষ্ঠা

১১। ২০ টি নতুন জেলা সদরে সায়েন্স সেন্টার নির্মাণ

১২। জেলা পর্যায়ে প্রতিষ্ঠিত কেন্দ্র সমূহে দর্শনার্থীর সংখ্যা ২০ লক্ষে উন্নীতকরণ

১৩। সায়েন্স সিটির দর্শনার্থীর সংখ্যা ১০ লক্ষে উন্নীতকরণ এবং সায়েন্স সিটির দ্বিতীয় পর্যায়ের কার্য সমাপ্তিকরণ

## ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ দেশ গঠনে কর্মপরিকল্পনা

০১। ৩৪টি নতুন জেলায় সায়েন্স সেন্টার নির্মাণ

০২। দেশের ৪টি স্থানে ৪টি আন্তর্জাতিক মানের মান মন্দির স্থাপন

০৩। বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক প্রদর্শনীবস্তু সংযুক্তি করে একটি বায়োডাইভারসিটি ট্রেন চালু করা

**চ্যালেঞ্জ এবং সম্ভাবনা:**

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের অর্জিত সাফল্যের পাশাপাশি উল্লেখযোগ্য কিছু সমস্যা ও চ্যালেঞ্জ মোকাবেলা করে এ প্রতিষ্ঠান অর্পিত দায়িত্ব নিস্পত্তি করছে। তার মধ্যে উল্লেখযোগ্য হলো জনবল স্বল্পতা, অর্থ বরাদ্দের অপ্রতুলতা, যানবাহন স্বল্পতা, উন্নত প্রদর্শনীবস্তু ও টেলিস্কোপের অভাব। জাদুঘরটিকে উন্নত প্রদর্শনীবস্তু সমৃদ্ধ করে একটি বিশ্বমানের জাদুঘরে রূপান্তরিত করার প্রকল্প প্রক্রিয়াধীন আছে ।

## ২০১৬-১৭ অর্থ বছরে আয়োজিত সেমিনার/কর্মশালা তালিকা

| ক্রমিক নং | বিষয় | স্থান | তারিখ |
|---|---|---|---|
| ০১ | "জাতীয় উন্নয়নে বিজ্ঞান ও প্রযুক্তি: জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ভূমিকা ও আমাদের প্রত্যাশা" শীর্ষক সেমিনার ও কুইজ প্রতিযোগিতা | বাংলাদেশ ব্যাংক মহাবিদ্যালয়, ঢাকা | ০৮/০২/২০১৭ |
| ০২ | -ঐ- | নারায়নগঞ্জ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ | ০২/০১/২০১৭ |
| ০৩ | -ঐ- | কাজী রিজিয়া সূলতানা উচ্চ বিদ্যালয়, গাজীপুর | ০৬/০২/২০১৭ |
| ০৪ | -ঐ- | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নরসিংদী | ০৭/১২/২০১৬ |
| ০৫ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, মুন্সীগঞ্জ | ২০/১২/২০১৬ |
| ০৬ | -ঐ- | জেলা পরিষদ মিলনায়তন, মানিকগঞ্জ | ০৯/০৩/২০১৭ |
| ০৭ | -ঐ- | সার্কিট হাউজ, কিশোরগঞ্জ | ১০/১২/২০১৬ |
| ০৮ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, টাঙ্গাইল | ০১/০৩/২০১৭ |
| ০৯ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, ফরিদপুর | ১০/১২/২০১৭ |
| ১০ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, গোপালগঞ্জ | ২৫/০১/২০১৭ |
| ১১ | -ঐ- | সার্কিট হাউজ, রাজবাড়ী | ২২/১২/২০১৬ |
| ১২ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, শরীয়তপুর | ২৩/০৩/২০১৭ |
| ১৩ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, মাদারীপুর | ২২/০৩/২০১৭ |
| ১৪ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, সিলেট | ১৭/০৪/২০১৭ |
| ১৫ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, মৌলভীবাজার | ১১/০৪/২০১৭ |
| ১৬ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, হবিগঞ্জ | ১৭/০৪/২০১৭ |
| ১৭ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, সুনামগঞ্জ | ১২/০৪/২০১৭ |
| ১৮ | -ঐ- | সার্কিট হাউজ, খুলনা | ০৫/০১/২০১৭ |
| ১৯ | -ঐ- | এসি লাহা মিলনায়তন, বাগেরহাট | ০৪/০১/২০১৭ |
| ২০ | -ঐ- | জেলা শিল্পকলা একাডেমী, সাতক্ষীরা | ১১/০১/২০১৭ |
| ২১ | -ঐ- | জিলা স্কুল অডিটরিয়াম, যশোর | ৩১/১২/২০১৬ |
| ২২ | -ঐ- | জিলা স্কুল অডিটরিয়াম, ঝিনাইদহ | ২৭/১২/২০১৬ |
| ২৩ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, মাগুরা | ২৮/১২/২০১৬ |
| ২৪ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, নড়াইল | ০৫/০৩/১৭ |
| ২৫ | -ঐ- | জিলা স্কুল অডিটরিয়াম, কুষ্টিয়া | ৩০/১২/২০১৬ |
| ২৬ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, চুয়াডাঙ্গা | ১০/০৪/২০১৭ |
| ২৭ | -ঐ- | জেলা শিল্প কলা একাডেমী, মেহেরপুর | ২৪/১২/১৭ |
| ২৮ | -ঐ- | চট্রগ্রাম সার্কিট হাউজ, চট্রগ্রাম | ১৫/১১/২০১৬ |
| ২৯ | -ঐ- | পুলিশ লাইন্স স্কুল অডিটরিয়াম, খাগড়াছড়ি | ১৭/০১/২০১৭ |
| ৩০ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, বান্দরবান | ১৬/০১/২০১৭ |
| ৩১ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, কক্সবাজার | ১৭/০১/২০১৭ |

| | | | |
|---|---|---|---|
| ৩২ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, রাঙ্গামাটি | ১০/০৪/২০১৭ |
| ৩৩ | -ঐ- | জিলা স্কুল অডিটরিয়াম, নোয়াখালী | ২৩/০১/২০১৭ |
| ৩৪ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, ফেণী | ২১/০৩/২০১৭ |
| ৩৫ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, লক্ষীপুর | ২২/০১/২০১৭ |
| ৩৬ | -ঐ- | জিলা স্কুল, কুমিল্লা | ২০/০৪/২০১৭ |
| ৩৭ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, ব্রাহ্মণবাড়িয়া | ২০/০৩/২০১৭ |
| ৩৮ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, চাঁদপুর | ০৭/০৩/২০১৭ |
| ৩৯ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, ময়মনসিংহ | ০৩/০২/২০১৭ |
| ৪০ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, নেত্রকোণা | ০৭/০২/২০১৭ |
| ৪১ | -ঐ- | আশেক মাহমুদ সরকারী কলেজ অডিটরিয়াম, জামালপুর | ১২/১২/২০১৬ |
| ৪২ | -ঐ- | শিল্পকলা একাডেমী, শেরপুর | ০৫/০২/২০১৭ |
| ৪৩ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, বরিশাল | ২৯/০৩/২০১৭ |
| ৪৪ | -ঐ- | সার্কিট হাউজ সম্মেলন কক্ষ, ঝালকাঠি | ৩০/০৩/২০১৭ |
| ৪৫ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, পিরোজপুর | ২৮/০৩/২০১৭ |
| ৪৬ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, ভোলা | ০১/০৪/২০১৭ |
| ৪৭ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, পটুয়াখালী | ৩০/০৩/২০১৭ |
| ৪৮ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, বরগুনা | ২৯/০৩/২০১৭ |
| ৪৯ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, রাজশাহী | ২১/০৩/২০১৭ |
| ৫০ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, নাটোর | ১৯/০৩/২০১৭ |
| ৫১ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, নওগাঁ | ১৫/০৩/২০১৭ |
| ৫২ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, চাপাইনবাবগঞ্জ | ১৬/০৩/২০১৭ |
| ৫৩ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, পাবনা | ২০/০৩/২০১৭ |
| ৫৪ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, সিরাজগঞ্জ | ০২/০৩/২০১৭ |
| ৫৫ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, বগুড়া | ০৪/০৩/২০১৭ |
| ৫৬ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, জয়পুরহাট | ১৪/০৩/২০১৭ |
| ৫৭ | -ঐ- | রংপুর জিলা স্কুল অডিটরিয়াম | ০৮/০৩/২০১৭ |
| ৫৮ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, দিনাজপুর | ১৩/০৩/২০১৭ |
| ৫৯ | -ঐ- | বিডি হল, ঠাকুরগাঁও | ১২/০৩/২০১৭ |
| ৬০ | -ঐ- | জেলা প্রশাসক সম্মেলন কক্ষ, পঞ্চগড় | ১১/০৩/২০১৭ |
| ৬১ | -ঐ- | জেলা শিল্পকলা একাডেমী, গাইবান্ধা | ০৫/০৩/২০১৭ |
| ৬২ | -ঐ- | রাবেয়া বালিকা বিদ্যা নিকেতন, নীলফামারী | ০৯/০৩/২০১৭ |
| ৬৩ | -ঐ- | লালমনিরহাট সরকারী উচ্চ বিদ্যালয় অডিটরিয়াম, লালমনিরহাট | ০৭/০৩/২০১৭ |
| ৬৪ | -ঐ- | জেলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র অডিটরিয়াম,কুড়িগ্রাম | ২৮/০৩/২০১৭ |
| ৬৫ | -ঐ- | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম | ২৬/০২/২০১৭ |
| ৬৬ | -ঐ- | চট্টগাম স্কাই ওয়াচার্স ক্লাব ও বোস বিজ্ঞান চর্চা কেন্দ্র কর্তৃক আয়োজিত মুসলিম ইনস্টিটিউট সম্মেলন কক্ষ, চট্টগ্রাম | ১০/০৮/২০১৭ |
| ৬৭ | -ঐ- | চট্টগাম স্কাই ওয়াচার্স ক্লাব ও বোস বিজ্ঞান চর্চা কেন্দ্র কর্তৃক আয়োজিত মুসলিম ইনস্টিটিউট সম্মেলন কক্ষ, চট্টগ্রাম | ১১/০৮/২০১৭ |
| ৬৮ | -ঐ- | লেকার্স পাবলিক স্কুল ও কলেজ অডিটরিয়াম, রাঙ্গামাটি | ১২/০৮/২০১৭ |
| ৬৯ | -ঐ- | সিনেট ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | ৩/১২/২০১৬ - ৫/১২/২০১৬ |
| ৭০ | বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতা ২০১৬ | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা | ১৭/০৮/২০১৬ |
| ৭১ | জ্যোতির্বিদ রাধাগোবিন্দ্র স্মরণ উৎসব, ২০১৬ | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা | ১৯/০৮/২০১৬ |
| ৭২ | আর্ট এন্ড সায়েন্স শীর্ষক কর্মশালা | হুড়কা, রামপাল, বাগেরহাট | ২৬, ২৭ ও ২৮/০৯/২০১৬ |
| ৭৩ | বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর প্রতিষ্ঠার উদ্যোগ ও আমাদের প্রত্যাশা শীর্ষক সেমিনার | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা | ২৪/১২/২০১৬ |
| ৭৪ | বোটানিক্যাল কনফারেন্স | রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী | ৪/০২/২০১৭ |
| ৭৫ | মেধা বিকাশে গণিত শিক্ষার উপর জনপ্রিয় বিজ্ঞান | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা | ২৬/০৪/২০১৭ |

| | | | |
|---|---|---|---|
| | বিষয়ক বক্তৃতামালা | | |
| ৭৬ | শিশু স্বাস্থ্য | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা | ২২/০৪/২০১৭ |
| ৭৭ | মেধাবিকাশে গণিত শিক্ষার প্রয়োজনীয়তা | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা | ২২/০৪/২০১৭ |
| ৭৮ | জীনতত্ত্ব | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা | ২৩/০৪/২০১৭ |
| ৭৯ | বিজ্ঞানের ইতিহাস | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা | ২৩/০৪/২০১৭ |
| ৮০ | পাটের জীনতত্ত্ব | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা | ২৫/০৪/২০১৭ |
| ৮১ | বিশ্ব রহস্যের অন্তরালে | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা | ২৫/০৪/২০১৭ |
| ৮২ | সায়েন্টিফিক সেমিনার অন RH নেগেটিভ ব্লাড গ্রুপ | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা | ১৩/০৫/২০১৭ |
| ৮৩ | বিজ্ঞান মনস্কতা সৃজনে বিজ্ঞান ক্লাবকর্মী ও তরুণ উদ্ভাবকদের অবদান শীর্ষক সেমিনার | জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, ঢাকা | ৩১/০৫/২০১৭ |

## ২০১৬-২০১৭ অর্থবছরে মিউজু বাসের মাধ্যমে ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনীর তালিকা

| ক্রমিক নং | তারিখ | স্থান প্রদর্শনী | বিজ্ঞান প্রদর্শনী | আকাশ পর্যবেক্ষন | দর্শনার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ০১ | ৩০.০৭.২০১৬ | চান্দিনা (পাইলট উচ্চ বিদ্যালয় ) কুমিল্লা | ০১ | ০১ | ৯০০০ |
| ০২ | ৩১.০৭.২০১৬ | চান্দিনা(পাইলট উচ্চ বিদ্যালয়) কুমিল্লা | ০১ | ০১ | । |
| ০৩ | ০১.০৮.২০১৬ | চান্দিনা(পাইলট উচ্চ বিদ্যালয়) কুমিল্লা | ০১ | ০০ | । |
| ০৪ | ০২.০৮.২০১৬ | কুমিল্লা জিলা স্কুল | ০১ | ০০ | ১০০০০ |
| ০৫ | ০৩.০৮.২০১৬ | কুমিল্লা জিলা স্কুল | ০১ | ০০ | |
| ০৬ | ১১.০৮.২০১৬ | চট্টগ্রাম (স্টুডিও থিয়েটার মুসলিম হল ) | ০১ | ০০ | ২০০ |
| ০৭ | ১২.০৮.২০১৬ | রাঙ্গামাটি ( লেকার্স পাবলিক স্কুল এন্ড কলেজ ) | ০১ | ০০ | ৫০০ |
| ০৮ | ১৩.০৮.২০১৬ | পূব শিয়ালবুক্কা সরকারি প্রা:/রানী উচ্চ বিদ্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা | ০১ | ০০ | ১০০০ |
| ০৯ | ২৭.০৯.২০১৬ | ঢাকা উদ্দ্যান সরকারি মহাবিদ্যালয়, মোহাম্মাদপুর ঢাকা, | ০১ | ০০ | ১৫২৭ |
| ১০ | ২৮.০৯.২০১৬ | ঢাকা উদ্দ্যান সরকারি মহাবিদ্যালয়, মোহাম্মাদপুর ঢাকা, | ০১ | ০০ | । |
| ১১ | ১৯.১০.২০১৬ | শনির বিল আরবান স্লাম আনন্দ স্কুল,সুইচগেট, মোহাম্মদপুর | ০১ | ০০ | ৩০০০ |
| ১২ | ২০.১০.২০১৬ | শনির বিল আরবান স্লাম আনন্দ স্কুল, সুইচগেট, মোহাম্মদপুর | ০১ | ০০ | । |
| ১৩ | ২৪.১০.২০১৬ | কামুরা সরকারি প্রাথমিক বিদ্যালয়, সিংগাইর মানিকগঞ্জ | ০১ | ০১ | ২০০০ |
| ১৪ | ০৮.১১.২০১৬ | ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | ০১ | ০১ | ২০০০ |
| ১৫ | ১৫.১১.২০১৬ | চট্টগ্রাম সার্কিট হাউজ | ০১ | ০১ | ১০০০ |
| ১৬ | ২২.১১.২০১৬ | ঢাকা বিশ্ববিদ্যালয় | ০১ | ০১ | ১২০০ |
| ১৭ | ০৭.১২.২০১৬ | নরসিংদী সরকারী বালিকা বিদ্যালয়,নরসিংদী | ০১ | ০১ | ১০০০ |
| ১৮ | ১০.১২.২০১৬ | কিশোরগঞ্জ, গুরদয়াল কলেজ | ০১ | ০১ | ৩০০০ |
| ১৯ | ১২.১২.২০১৬ | সরকারি আশেক মাহামুদ কলেজ,জামালপুর | ০১ | ০১ | ২০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২০ | ২০.১২.২০১৬ | জেলা প্রশাসক চত্বর,মুন্সিগঞ্জ | ০১ | ০০ | ২৫০ |
| ২১ | ২২.১২.২০১৬ | রাজবাড়ি জেলা প্রশাসক চত্বর | ০১ | ০০ | ৪০০ |
| ২২ | ২৩.১২.২০১৬ | ধোকড়াকোল মাধ্যমিক বিদ্যালয়,খোকসা,কুষ্টিয়া | ০১ | ০০ | ৩০০ |
| ২৩ | ২৪.১২.২০১৬ | মিশন স্কুল ও শিল্পকলা একাডেমী,মেহেরপুর | ০১ | ০০ | ৩০০০ |
| ২৪ | ২৫.১২.২০১৬ | মুজিব নগর কমপ্লেক্স, মুজিবনগর | ০১ | ০০ | ৪০০০ |
| ২৫ | ২৬.১২.২০১৬ | মডেল পাইলট মাধ্যমিক বিদ্যালয়,কোটচাঁদপুর | ০১ | ০০ | ৫০০ |
| ২৬ | ২৭.১২.২০১৬ | ঝিনাদহ | ০১ | ০০ | । |
| ২৭ | ২৮.১২.২০১৬ | মাগুরা | ০১ | ০০ | ১০০০ |
| ২৮ | ২৯.১২.২০১৬ | শৈলকূপা | ০১ | ০০ | ৪০০ |
| ২৯ | ৩০.১২.২০১৬ | কুষ্টিয়া | ০১ | ০০ | ৫০০ |
| ৩০ | ৩১.১২.২০১৬ | যশোর | ০১ | ০০ | ২০০০ |
| ৩১ | ০২.০১.২০১৭ | নারায়নগঞ্জ | ০১ | ০০ | ২০০ |
| ৩২ | ০৪.০১.২০১৭ | বাগেরহাট | ০১ | ০০ | ৬০০ |
| ৩৩ | ০৫.০১.২০১৭ | খুলনা সার্কিট হাউজ চত্বর | ০১ | ০০ | ২০০০ |
| ৩৪ | ০৭.০১.২০১৭ | ফরিদপুর | ০১ | ০০ | ৩৫০০ |
| ৩৫ | ১১.০১.২০১৭ | সাতক্ষীরা | ০১ | ০০ | ৪০০ |
| ৩৬ | ৯-১০.০১.২০১৭ | রাজবাড়ী(উন্নয়ন মেলা) | ০৩ টি | ০০ | ৫০০০ |
| ৩৭ | ১২.০১.২০১৭ | সাতক্ষীরা ও সুন্দরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়,সুন্দরপুর মাধ্যমিক বিদ্যালয়, মনিরামপুর | ০৩ টি | ০০ | |
| ৩৮ | ১৪.০১.২০১৭ | এ.কে.এম রহমত উল্লাহ বিশ্ববিদ্যালয় কলেজ, বেরাইদ,বাড্ডা,ঢাকা | ০১ | ০০ | । |
| ৩৯ | ২৫.০১.২০১৭ ৩১.০১.২০১৭ | রোভার মুট-২০১৭, গোপালগঞ্জ ও টুঙ্গিপাড়া | ০৭ | ০০ | ৪০০০০ |
| ৪০ | ০৩.০২.২০১৭ | ময়মনসিংহ সার্কিট হাউজ চত্বর | ০০ | ০১ | ৫০০ |
| ৪১ | ০৪.০২.২০১৭ | ময়মনসিংহ জিলা স্কুল মাঠ | ০১ | ০০ | ৩০০ |
| ৪২ | ০৫.০২.২০১৭ | শিল্পকলা একাডেমী শেরপুর | ০১ | ০০ | ২০০ |
| ৪৩ | ০৬.০২.২০১৭ | সার্কিট হাউজ চত্বর গাজীপুর | ০১ | ০০ | ৫০০ |
| ৪৪ | ০৭.০২.২০১৭ | নেত্রকোনা টেনিস মাঠ চত্বর | ০০ | ০১ | ১৩০০ |
| ৪৫ | ০৯.০৩.২০১৭ ১১.০৩.২০১৭ | বীরশ্রেষ্ঠ মুন্সি আব্দুর রউফ পাবলিক কলেজ, পিলখানা ঢাকা | ০৩ | ০১ | ৮৫০০ |
| ৪৬ | ২৮.০৪.২০১৭ | কুর্মিটোলা হাই স্কুল এন্ড কলেজ, ঢাকা | ০১ | ০০ | । |
| ৪৭ | ০৬.০৫.২০১৭ ০৭.০৫.২০১৭ | কালীহাতি উপজেলা চত্বর, টাঙ্গাইল | ০২ | ০০ | ২৫০০ |
| ৪৮ | ০৫.০৫.২০১৭ | বিইউডিএস স্কুল এন্ড কলেজ, আমুলিয়া ঢাকা | ০১ | ০০ | ৭০০ |
| ৪৯ | ২৬.০৫.২০১৭ | নরসিংদী জেলার সকল উপজেলা ও কিশোরগঞ্জ ভৈরব উপজেলা | ২৯ | ০০ | ১০১৫০ |
| ৫০ | ২৬.০৫.২০১৭ | কিশোরগঞ্জ গুরুদয়াল কলেজ | ০১ | ০১ | ২০০০ |

# ১৯৯৬-২০০১ সালে বাস্তবায়িত বিভিন্ন উন্নয়ন প্রকল্পের তালিকা

(১) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর তৈরি প্রকল্প ২য় পর্যায় (১৯৯৫-২০০০)
(২) তরুণ বিজ্ঞানীদের উদ্ভাবনী প্রকল্প
(৩) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর তৈরি প্রকল্প ৩য় পর্যায়

# ২০০৯- জুন ২০১৭ সালে বাস্তবায়িত বিভিন্ন উন্নয়ন প্রকল্পের তালিকা

(১) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের গ্যালারি সমূহের জন্য প্রদর্শনীবস্তু সংগ্রহ ও তরুণ বিজ্ঞানীদের উদ্ভাবনী কাজে উৎসাহ প্রদান (২০০৬-২০১৪)
(২) জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন (২০১৪-২০১৮)
(৩) বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপনের লক্ষ্যে সমিক্ষা প্রকল্প (২০১৫-২০১৬)

# ভবিষ্যৎ উন্নয়ন প্রকল্পের তালিকা

(১) ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনী ও বিজ্ঞান শিক্ষা কর্যক্রম সম্পসারণ প্রকল্প
(২) বিজ্ঞান চর্চা উৎসাহিতকরণের জন্য বিজ্ঞান ক্লাব গঠন ও গঠিত বিজ্ঞান ক্লাবসমূহের শক্তিশালীকরণ
(৩) বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপন প্রকল্প
(৪) বিভাগীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপন প্রকল্প
(৫) সায়েন্স সিটি স্থাপন প্রকল্প

# বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের চিত্র

(০১) প্রকল্পের নাম : জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন শীর্ষক প্রকল্প
সময় কাল : ফেব্রুয়ারি ২০১৪- জুন ২০১৮
প্রকল্পের মোট বরাদ্দ: ২২৯৮৮.৫৩ লক্ষ টাকা


বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন প্রকল্পের ভৌত অবকাঠামোর উন্নয়ন কাজ।

লক্ষ্য ও উদ্দেশ্য :

- স্থায়ী অবকাঠামোগত সুবিধা প্রদান করে দেশে বিজ্ঞান ও প্রযুক্তির উন্নতি সাধন
- বিজ্ঞান একাডেমি, সমিতি, বিজ্ঞানসেবী সংগঠন, বিজ্ঞান ক্লাব ও অন্যান্য বিজ্ঞান সম্পৃক্ত সংস্থার জন্য একটি স্থায়ী প্লাটফর্ম তৈরি করা
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ, বিজ্ঞান অলিম্পিয়াড ও অনুরূপ কর্মকান্ড আয়োজনের জন্য স্থায়ী অবকাঠামোগত সুবিধাদি সৃষ্টি করা
- জাতীয় এবং আন্তর্জাতিক কনফারেন্স, সেমিনার, ওয়ার্কশপ, সিম্পোজিয়াম এবং অন্যান্য বিজ্ঞান সম্পৃক্ত সভা আয়োজনের জন্য যথাযথ সুবিধাদি প্রদান করা

**২০১৬-১৭ অর্থ বছরে বাস্তবায়ন অগ্রগতি:**

ফিজিক্যাল অগ্রগতি : ৫%
ফাইন্যান্সিয়াল অগ্রগতি: ৪১২৯.৮৩ লক্ষ

(২) প্রকল্পের নাম : বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপন সমীক্ষা প্রকল্প

সময় কাল : জুলাই-২০১৫ থেকে ডিসেম্বর-২০১৬

মোট বরাদ্দ : ১.৭৫ লক্ষ টাকা

লক্ষ্য ও উদ্দেশ্যে: বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর স্থাপনের লক্ষ্যে সম্ভব্যতা যাচাই ও সমীক্ষা ও ডিপিপি প্রনয়ণ

কার্যাবলী : এ প্রকল্পের আওতায় একটি ওয়ার্কশপ ও একটি সেমিনার আয়োজন করা হয়। যাতে জাদুঘরের স্টেক হেল্ডার গণ অংশগ্রহণ করেন। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে ৯ সদস্যের একটি টিম জার্মানি ও দক্ষিন কোরিয়া সফর করেন। এছাড়া সম্ভব্যতা যাচাইয়ের জন্য সমীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয়। বিশ্বমানের বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের স্থাপনের লক্ষে ডিপিপি প্রণয়ন করে জমা দেয়া হয়েছে। প্রকল্পের মেয়াদ শেষে পিসিআর জমা দেয়া হয়।

## ১৯৯৬-২০০১ পর্যন্ত সময়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের উল্লেখযোগ্য অর্জন

- স্কুল-কলেজের শিক্ষার্থীদের পরিদর্শনের জন্য প্রগতির তৈরি ১ টি টাটা বাস সংগ্রহ;
- ২টি মাইক্রোবাস সংগ্রহ;
- ১০০ কেভিএ জেনারেটর এর ১টি সেট সংগ্রহ করা হয়;
- ১টি অডিও-ভিজ্যুয়াল সেট সংগ্রহ করা হয়;
- ভৌত বিজ্ঞান গ্যালারি ও মজার বিজ্ঞান গ্যালারিদ্বয়কে আকর্ষণীয় প্রদর্শনীবস্তু সমৃদ্ধ করে চালু করা হয়;
- ১ টি ৫৩ ইঞ্চি টিভি সংগ্রহ করা হয়;
- অডিটরিয়ামের জন্য আসবাবপত্র সংগ্রহ করা হয়;
- কনফারেন্স রুমের আসবাবপত্র সংগ্রহ করা হয়;
- প্রশাসনিক ব্লক ও প্রদর্শনী গ্যালারি, লবি ও কানেকটিং করিডোর নির্মাণ করা সম্পন্ন করা হয়;
- পানির পাম্প বসানো হয়;
- স্যানিটেশনের ব্যবস্থা করা হয়;
- অভ্যন্তরীণ ড্রেনেজ সিস্টেম চালু করা হয়;
- অভ্যন্তরীণ বিদ্যুতায়ন করা হয়;
- জাদুঘরের কম্পাউন্ডকে লাইটিং করা হয়;
- আরবরিক্যালচার চালু করা হয়;
- জাদুঘরের ওয়ার্কশপের জন্য লেদ মেশিন, মাইলিং মেশিন, কমউড মেশিনসহ সংশ্লিষ্ট যন্ত্রপাতি ক্রয় করা হয়;
- ভিডিও প্রজেক্টর সংগ্রহ করা হয়;
- কম্পিউটার ও ফটোস্ট্যান্ট মেশিন সংগ্রহ করা হয়;
- ভিডিও রেকর্ডি সিস্টেম জন্য ভিডিও ক্যামেরা ও রেকর্ডার সংগ্রহ করা হয়;
- বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান নভোথিয়েটার প্রকল্প প্রস্তাব প্রেরণ ও জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের সহায়তায় ভৌত অবকাঠামো নির্মাণ করা হয়;
- ভারত সরকারের কারিগরি সহায়তায় ২৫টি প্রদর্শনীবস্তু সংগ্রহ করা হয়;
- প্রশাসনিক ভবন নির্মাণ করা হয়;
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ জেলা ও কেন্দ্রীয় পর্যায়ে উদযাপন করা হয়; এবং
- জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালার আয়োজন করা হয়।

## ২০০৯-২০১৭ পর্যন্ত সময়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের উল্লেখযোগ্য অর্জন

- ১৭টি বৈদেশিক প্রদর্শনীবস্তু সংগ্রহ করা হয়;
- ৪-ডি মুভি থিয়েটার স্থাপন ও মুভি প্রদর্শন করা হচ্ছে;
- থ্রিলার রাইডার উইথ প্রাইম মুভার সংগ্রহ ও এর সাহায্য দেশের প্রত্যন্ত অঞ্চলে শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে ৪-ডি মুভি প্রদর্শন করা হচ্ছে;
- তরুণ বিজ্ঞানীদের উদ্ভাবনী শক্তি বিকাশের লক্ষে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানপুর্বক তরুন বিজ্ঞানীদের উদ্ভাবিত ৬০টি প্রকল্পের মান উন্নিত করা হয়;
- দেশের ৭৯টি বিজ্ঞান ক্লাবকে ১০.০০ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে;
- দেশের প্রত্যন্ত অঞ্চলের জনগণের দোরগোড়ায় বিজ্ঞানকে পৌছে দেয়ার লক্ষ্যে ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনী “মিউজুবাস” সংগ্রহ করে প্রদর্শন করা হচ্ছে;
- মিউজুবাসের জন্য ২৪টি প্রদর্শনীবস্তু,১টি জেনারেটর ও ১টি ১২ ইঞ্চি টেলিস্কোপ সংগ্রহ করা হয়েছে;
- ১ টি আর্থ কোয়েক সিম্যুলেটর (প্রদর্শনীবস্তু) সংগ্রহ করা হয়েছে;
- মহাকাশ বিজ্ঞান গ্যালারি ও শিশুদের জন্য শিশু বিজ্ঞান গ্যালারি চালু করা হয়েছে;
- উপজেলা, জেলা ও কেন্দ্রীয় পর্যায়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ উদাযাপন করা হচ্ছে;
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ পালনের অংশ হিসেবে স্কুল-কলেজের শিক্ষার্থী ও অপেশাদার উদ্ভাবকদের প্রকল্প নিয়ে বিজ্ঞান মেলার আয়োজন করা হচ্ছে;
- ২০১৬-১৭ অর্থ বছর থেকে উপজেলা, জেলা ও কেন্দ্রীয় পর্যায়ে বিজ্ঞান অলিম্পিয়াড চালু করা হয়েছে;
- জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ৫০ বছর পূর্তিতে সুবর্ণজয়ন্তী পালন করা হয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরে সুবর্ণজয়ন্তী পালনের অংশ হিসেবে জেলা ও কেন্দ্রীয় পর্যায়ে বিজ্ঞান বিষয়ক সেমিনার, কুইজ প্রতিযোগিতা, ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনী, জনপ্রিয় বিজ্ঞান বিষয়ক বক্তৃতামালা ও উদ্ভাবনী মেলার আয়োজন করা হয়েছে। এতে বিপুল সংখ্যক শিক্ষার্থী ও দর্শনার্থী অংশগ্রহণ করে;
- জাতীয় পর্যায়ে কুইজ প্রতিযোগিতায় প্রথম থেকে পঞ্চম স্থান অধিকারীগণসহ একটি প্রতিনিধিদল গত ১৯-২০ জুন,২০১৭ তারিখ পর্যন্ত সময়ে ভারতের কলকাতা ও নয়াদিল্লীস্থ বিজ্ঞান জাদুঘর ও অন্যান্য ঐতিহাসিক স্থাপনাসমূহ পরিদর্শন করেন।
- “জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি কমপ্লেক্স স্থাপন” শীর্ষক প্রকল্পের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। জুলাই ২০১৭ পর্যন্ত ১৩ তলা ভবনের নবম তলার ছাদ ঢালাইয়ের কাজ সমাপ্ত হয়েছে;
- মিউজুবাসের সাহায্যে ৩৪০টি ভ্রাম্যমান বিজ্ঞান প্রদর্শনীর আয়োজন করা হয়েছে;
- ১৫০ টি বিজ্ঞান বিষয়ক সেমিনার ও বক্তৃতামালার আয়োজন করা হয়েছে;
- ২৮টি বিজ্ঞান বিষয়ক প্রদর্শনীবস্তু সংগ্রহ করা হয়েছে;
- ৪৩৯ টি উপজেলায় উপজেলা বিজ্ঞান ও প্রযুক্তি ক্লাব গঠন করা হয়েছে; এবং
- বিশ্বমানের বিজ্ঞান জাদুঘর প্রতিস্থার লক্ষ্যে ইতোমধ্যে সমীক্ষা প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে।

# একাদশ জাতীয় রোভার মুট-২০১৭






একাদশ জাতীয় রোভার মুট-এ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের স্টলের সামনের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সাবেক সচিব জনাব মো: সিরাজুল হক ও জাদুঘরের মহাপরিচালক জনাব স্বপন কুমার রায়

একাদশ জাতীয় রোভার মুট-এ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের স্টল পরিদর্শন করা দুর্যোগ ব্যবস্থপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বীর বিক্রম, এমপি

একাদশ জাতীয় রোভার মুট  গোপালগঞ্জ-টুঙ্গিপাড়া-২০১৭ এর জিডিভি ( গ্লোবাল ডেভেলপমেন্ট ভিলেজ)-এ বিজ্ঞান জাদুঘরের ২৩ সদস্যের একটি টিম অংশগ্রহণ করে। ওহাব উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহাবিদ্যালয় (টুঙ্গিপাড়া) মাঠে স্থাপিত জাদুঘরের ২টি স্টল থেকে দর্শনার্থীদের প্রদর্শনীবস্তু প্রদর্শন করা হয়। দর্শনার্থীদের মধ্যে বিজ্ঞান জাদুঘর কর্তৃক প্রকাশিত বিভিন্ন ধরনের বিজ্ঞান বিষয়ক প্রকাশনা বিতরণ করা হয়। একই সাথে স্টলে স্থাপিত জায়ান্ট স্ক্রিনে জাদুঘরের কার্যক্রমের ধারা বিবরণী উপস্থাপন করা হয়।

একাদশ জাতীয় রোভার মুট গোপালগঞ্জ-টুঙ্গীপাড়া-২০১৭ এর কেন্দ্রীয় মাঠে মিউজুবাস এবং ৪ টি মুভি বাস স্থাপন করা হয়। ২৫-৩১ জানুয়ারি, ২০১৭ পর্যন্ত প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে রাত ১০.০০ টা পর্যন্ত প্রদর্শনী চলে। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর কর্তৃক স্থাপিত স্টলগুলি মুটে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের পাশাপাশি স্থানীয় শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক সহ সকল শ্রেণি পেশার লোকজন পরিদর্শন করে। দায়িত্বরত বিজ্ঞান জাদুঘরের কর্মকর্তাবৃন্দ বিজ্ঞানের নানা দিকসহ জাদুঘরের কার্যক্রম দর্শকদের মাঝে তুলে  ধরেন। মিউজুবাস এবং ৪ ডি মুভি এর প্রদর্শনীতে মুটে অংশগ্রহণকারী শিক্ষার্থীরা পরিদর্শন করে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি সৌধের সামনের মাঠে ৩১.০১.২০১৭ তারিখ একদিনের জন্য ৪-ডি মুভিবাসের প্রদর্শনীর ব্যবস্থা করা হয়।







